গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বাগেরহাট
আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আজিজুর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৬ মে ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা: ১২:৩০ |
| স্থান | জেলা প্রশাসক কার্যালয়ের কনফারেন্স রুম |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১. ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত:** সরকারি কাজের গতি বাড়াতে ২০১৬ সালের মার্চ মাস থেকে শুরু হয় ই-নথি কার্যক্রম। সরকারি কাজের সেবাকে ডিজিটাল করতেই ই-নথির উদ্যোগ নেওয়া হয়েছে। এটি দিয়ে সরকারি কাজের গতি ও স্বচ্ছতা বেড়েছে। এই প্ল্যাটফর্ম ব্যবহারে দাপ্তরিক কাজে কমে আসছে দুর্নীতি ও সময় ক্ষেপণের সুযোগ। ইতোমধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহেকে একাধিকবার ই-নথি বিষয়ক ট্রেনিং প্রদান করা হয়েছে। যে সকল অফিস লাইভ সার্ভারে আছে সে সকল অফিসের দাপ্তরিক কার্যাক্রম ১০০% ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদনসহ প্রতিটি ডাক নোটে নিষ্পন্ন করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১.১ জেলাধীন সকল দপ্তরের দাপ্তরিক কার্যাক্রম ১০০% ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদন করতে হবে। | ১. সকল বিভাগীয় প্রধানগণ, বাগেরহাট।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br><br>৩. সহকারী কমিশনার, (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।<br>৪. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট। |

**২. ওয়েব পোর্টালঃ** তথ্য অধিকার আইন অনুযায়ী সকল দপ্তরকে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে। ওয়েবপোর্টাল হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। সঠিক ও চলমান তথ্য প্রাপ্তির লক্ষ্যে প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখা প্রয়োজন। সভায় মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের সার্বিক তথ্য উপস্থাপন করেন।

| জেলা/উপজেলা কার্যালয়ের নাম | নিজ দপ্তরের মোট অফিসের সংখ্যা | শতভাগ হালনাগাদকৃত অফিসের সংখ্যা | নিজ দপ্তর হালনাগাদ করনের শতকরা হার (ফেব্রুয়ারি'২১) | সামষ্টিক হালনাগাদের শতকরা হার |
|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয় | ৬৭ | ৬০ | ১০০% | ৯৯.৬৯% |
| চিতলমারী | ৩২ | ১০ | ১০০% | ৯১.৯৮ % |
| শরণখোলা | ৪১ | ৬ | ১০০% | ৮২.৭৬% |
| ফকিরহাট | ৩১ | ১০ | ১০০% | ৯৪.৫৮ % |
| বাগেরহাট সদর | ৩৮ | ১০ | ১০০% | ৯০.৭৭ % |
| মোল্লাহাট | ৩৬ | ১০ | ১০০% | ৯০.৩২ % |
| রামপাল | ৩০ | ৮ | ১০০% | ৯৫.৭৯ % |
| মোরেলগঞ্জ | ৩২ | ৮ | ১০০% | ৯১.৪২% |
| কচুয়া | ৩৩ | ৬ | ১০০% | ৮৭.৪৮ % |
| মোংলা | ৩৩ | ১৯ | ৯৯.৭০% | ৯২.৭৬% |

(www.bagerhat.gov.bd হতে প্রাপ্ত)
উপর্যুক্ত পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায়, অনেক দপ্তরের ওয়েব পোর্টালের হালনাগাদ অবস্থা সন্তোষজনক নয়। যদিও ইতোমধ্যে জেলাধীন সকল দপ্তরকে তাদের স্ব-স্ব ওয়েব পোর্টাল হালনাগাদকরনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক ও সভার সভাপতি মহোদয় সংশ্লিষ্ট দপ্তরকে দ্রুত সময়ের মধ্যে স্ব-স্ব ওয়েব পোর্টালের সার্বিক তথ্য হালনাগাদ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-কে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন

২.১ সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ শতভাগ নিশ্চিত করতে হবে।

২.২ যে সকল সংস্থা/দপ্তরের আওতায় পর্যটন কেন্দ্র রয়েছে সে সকল সংস্থা/দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণে বাংলার পাশাপাশি ইংরেজি করতে হবে।

১. সকল বিভাগীয় প্রধানগণ, বাগেরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) বাগেরহাট।
৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট।
৪. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট।

| | | |
|---|---|---|
| **৩. শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ** অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি সভায় অবহিত করেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন শীর্ষক প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাগেরহাট জেলায় ইতোমধ্যে ৭৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ৪টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার স্থাপনের চুক্তি সম্পন্ন হয়েছে । সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর রেনোভেশন কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ৩.১ শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা ২০১২ মোতাবেক কম্পিউটার ল্যাব সমূহ ব্যবহারের অধিক যত্নবান ও ল্যাবের নিরাপত্তা নিশ্চিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট।<br>৪. সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট।<br>৫. সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, বাগেরহাট। |
| **৪. জনসেবায় ফেসবুক ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ** সভাপতি মহোদয় সরকারি সেবা প্রদান সংক্রান্ত তথ্য তুলে ধরার জন্য বাগেরহাট জেলার সকল দপ্তর প্রধানকে স্ব-স্ব দপ্তরের নামে চালুকৃত ফেসবুক পেইজ এ সরকারী সেবা প্রদান কার্যক্রমের চিত্র নিয়মিত আপলোড করার নির্দেশনা প্রদান করেন। দাপ্তরিক ফেসবুক পেইজের সাইবার নিরাপত্তা নিশ্চিৎ করার বিষয়ে আলোকপাত করেন। | ৪.১ বাগেরহাট জেলার সকল দপ্তর প্রধানকে স্ব-স্ব দপ্তরের নামে চালুকৃত ফেসবুক পেইজ এ সরকারী সেবা প্রদান কার্যক্রমের চিত্র নিয়মিত আপলোড করতে হবে। | ১. সকল দপ্তর প্রধান, বাগেরহাট। |
| **৫।ইনোভেশনঃ** মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলায় প্রতিমাসে ইনোভেটিভ টিমের সভা আয়োজন এবং বর্ণিত সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার জন্য অনুরোধ করেন। | ৫.১ প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেটিভ টিমের সভা আয়োজন এবং বর্ণিত সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>২. সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আজিজুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৬.০০১.২১.৫৭

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪) উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
৫) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, বাগেরহাট
৬) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
৭) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
৮) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
৯) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট
১০) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাগেরহাট
১১) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট
১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট
১৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বাগেরহাট
১৪) সহকারী প্রোগ্রামার, বাগেরহাট
১৫) প্রধান শিক্ষক, বাগেরহাট

মোহাম্মদ আজিজুর রহমান
জেলা প্রশাসক